সালামাহ ইবনে আকওয়া’ রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তীর নিক্ষেপরত একদল লোকের নিকট দিয়ে অতিক্রম করার সময় বললেন, “হে ইসমাঈলের সন্তানেরা। তোমরা তীর নিক্ষেপ কর। কারণ, তোমাদের (আদি) পিতা (ইসমাঈল) তীরন্দাজ ছিলেন।”

সালামাহ ইবনে আকওয়া’ রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহ
আলাইহি ওয়াসাল্লাম তীর নিক্ষেপরত একদল লোকের নিকট দিয়ে অতিক্রম করার সময় বললেন,
“হে ইসমাঈলের সন্তানেরা। তোমরা তীর নিক্ষেপ কর। কারণ, তোমাদের (আদি) পিতা (ইসমাঈল) তীরন্দাজ ছিলেন।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

সালামাহ ইবনে আকওয়া’ রাদিয়াল্লাহু ‘আনহু সংবাদ দেন যে, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তার কতক সাহাবীর নিকট দিয়ে অতিক্রম করেন যারা তীর নিক্ষেপ করছিল। তাদের থেকে কে অপরের ওপর বিজয় হয় তা দেখার জন্য। তারা যা করছিল তার ওপর তিনি তাদের স্বীকৃতি দেন। বরং তিনি তাদের এ বলে উৎসাহ দেন যে, “হে ইসমাঈলের সন্তানেরা। তোমরা তীর নিক্ষেপ কর এবং তা সংরক্ষণ কর। কারণ, এটি তোমাদের ওপর আল্লাহর পক্ষ থেকে বিশেষ নি‘আমত হে ইসমাঈলের সন্তানেরা। অর্থাৎ আরবরা। কারণ, তোমাদের আদি পিতা ইসমাঈল ইবন ইব্রাহীম আলাইহিমাস সালাম তাদের একজন ছিল, যারা ভালো ও সুন্দর তীর নিক্ষেপ করতে পারত।

http://sunnah.global/hadeeth/bn/show/3559